গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী

বিজ্ঞপ্তি নং-ফেসক/বিজ্ঞপ্তি/২০২১/৬৬ তারিখ : ১৪/০৬/২০২১ খ্রি.

# একাদশ শ্রেণীর অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ফেনী সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের বিগত ১০/০৬/২০২১ তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১ ও ১৩/০৬/২০২১ তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০ এর বিজ্ঞপ্তি মোতাবেক কোভিড-১৯ অতিমারির কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এনসিটিবি কর্তৃক বিষয়ভিত্তিক অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্ট নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে অ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদানের নির্দেশনা প্রদান করা হল।

নিয়মাবলী :

১. প্রত্যেক সপ্তাহের শুরুতে ঐ সপ্তাহের জন্য নির্ধারিত অ্যাসাইনমেন্ট কলেজ ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
২. সকল ছাত্র-ছাত্রীদেরকে প্রত্যেক সপ্তাহের অ্যাসাইনমেন্ট কলেজ ওয়েব সাইট থেকে ডাউনলোড করতে হবে এবং অ্যাসাইনমেন্ট লেখার পর নির্দিষ্ট তারিখে কলেজ কর্তৃক নির্দিষ্ট কক্ষে অবশ্যই জমা দিতে হবে।
৩. অ্যাসাইনমেন্ট লেখার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজ ব্যবহার করতে হবে।
৪. অ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদানের সময় অবশ্যই সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
৫. অ্যাসাইনমেন্ট ছাত্র-ছাত্রীদেরকে স্বহস্তে লিখতে হবে। অন্যের লেখা কপি বা ফটোকপি করে জমা দেয়া যাবে না।
৬. অ্যাসাইনমেন্ট তৈরি করেতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে।
৭. নোট/গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট তৈরী করে জমা দেয়া হলে তা বাতিল হয়ে যাবে।
৮. অ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি/রোল নম্বর, বিষয় ও অ্যাসাইনমেন্টের শিরোনাম স্পষ্টভাবে অবশ্যই স্বহস্তে লিখতে হবে।
৯. ধারাবাহিক মূল্যায়ন বিধায় ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
১০. অ্যাসাইনমেন্ট কার্যক্রম ১৪/০৬/২০২১ তারিখ থেকে যথারীতি চলবে।

## অ্যাসাইনমেন্ট তৈরী ও জমাদেয়ার নির্দেশনা

১ম সপ্তাহের নির্ধারিত অ্যাসাইনমেন্ট যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক তৈরি করে নিম্নোক্ত তারিখে নির্দিষ্ট কক্ষে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে সামাজিক দূরত্ব বজায় রেখে অবশ্যই জমা দিতে হবে।

| অ্যাসাইনমেন্ট জমা দেয়ার তারিখ ও বার | বিভাগ/শাখা | বিষয় | কক্ষ নং | ভবনের নাম | অ্যাসাইনমেন্ট জমা দেয়ার সময় |
|---|---|---|---|---|---|
| ২১/০৬/২০২১ সোমবার | বিজ্ঞান | বাংলা ও পদার্থবিদ্যা | ১০৯ | বিজ্ঞান ভবন নীচতলা | সকাল ১০টা হতে দুপুর ১ টা পর্যন্ত |
| ২২/০৬/২০২১ মঙ্গলবার | ব্যবসায় শিক্ষা | বাংলা ও হিসাববিজ্ঞান | | | |
| ২৩/০৬/২০২১ বুধবার | মানবিক | বাংলা, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি ও যুক্তিবিদ্যা | | | |

১৪.০৬.২০২১

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী।

# ফেনী সরকারি কলেজ, ফেনী

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট

### অ্যাসাইনমেন্ট নং-১

## মানবিক বিভাগ

### বিষয় : বাংলা

অ্যাসাইনমেন্টের শিরোনাম : 'অপরিচিতা' গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা :

ক. 'অপরিচিতা' গল্প অনুসরণে কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয়।

খ. অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ।

গ. বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত করা।

ঘ. পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত করা।

ঙ. শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন যথাযথ রাখা।

### বিষয় : পৌরনীতি ও সুশাসন

অ্যাসাইনমেন্টের শিরোনাম: নাগরিক সভ্যতার ক্রমবিকাশে পৌরনীতি ও সুশাসনের ধারণা বিশ্লেষণপূর্বক একটি নিবন্ধ রচনা কর।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা : ক. পৌরনীতি ও সুশাসনের ধারণা ও পরিধি

খ. সুশাসনের বৈশিষ্ট্য

গ. পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ

### বিষয় : অর্থনীতি

অ্যাসাইনমেন্টের শিরোনাম: হাওর এলাকার কৃষক সালামত সাহেবের এক খন্ড জমিতে ধান ও গম উৎপাদনের ক্ষেত্রে নিম্নরূপ বিকল্প সম্ভাবনা অনুসৃত হয়েছে। যেমন : ধান উৎপাদন যখন ১৬ ,১০ ও ০ মন হয় তখন গম উৎপাদন হয় যথাক্রমে ০ ,১০ ও ১৬ মন। প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ কর।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা : ক. উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা

খ. উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্রাঙ্কন

গ. অ-অর্জনযোগ্য, পূর্ণনিয়োগ ও সম্পদের অপূর্ণ ব্যবহার

ঘ. শিল্প প্রধান এবং কৃষি প্রধান অর্থনীতির ক্ষেত্রে উৎপাদন সম্ভাবনা রেখা

ঙ. প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ।

### বিষয় : যুক্তিবিদ্যা

অ্যাসাইনমেন্টের শিরোনাম : যুক্তিবিদ্যার ধারণায় এর পরিধি পাওয়া যায়-পর্যলোচনা কর।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা : ক. যুক্তিবিদ্যার উৎপত্তি

খ. যুক্তিবিদ্যার ধারণা

১. এরিস্টটল

২. জে এস. মিল

৩. যোসেফ

৪. আই. এম. কপি

গ. যুক্তিবিদ্যার স্বরূপ

ঘ. যুক্তিবিদ্যার পরিসর

# ফেনী সরকারি কলেজ, ফেনী

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট

### অ্যাসাইনমেন্ট নং-১

## ব্যবসায় শিক্ষা বিভাগ

### বিষয় : বাংলা

অ্যাসাইনমেন্টের শিরোনাম : 'অপরিচিতা' গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা :

ক. 'অপরিচিতা' গল্প অনুসরণে কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয়।

খ. অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ।

গ. বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত করা।

ঘ. পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত করা।

ঙ. শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন যথাযথ রাখা।

### বিষয় : হিসাববিজ্ঞান

অ্যাসাইনমেন্টের শিরোনাম : হিসাবচক্রের ধাপ অনুসরণ করে লেনদেন চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ, হিসাবের বই প্রস্তুতকরণ এবং হিসাব সমীকরণে প্রভাব প্রদর্শন :

গৌতম এন্টারপ্রাইজ এর ৩১ জানুয়ারি ২০২১ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল :

নগদ ৮০,০০০ টাকা অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ফেব্রুয়ারি মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ:

২০২১

ফেব্রু ১ : দক্ষ ম্যানেজার ২০,০০০ টাকা বেতনে যোগদান করেন।

,, ৫:১৩% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।

,, ৬: তিন মাসের শো-রুম ভাড়া অগ্রিম প্রদান করা হলো ১৫,০০০ টাকা।

,, ১২ : ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ করা হলো ১,২০০ টাকা।

,, ১৪ : ১,০০,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করলেন।

,, ১৬ : ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় করা হলো ১,২০,০০০ টাকা (নগদে ৬০% ধারে ৪০%)।

,, ১৮ : মালিক কর্তৃক নগদ উত্তোলন করা হলো ৩০,০০০ টাকা

,, ২০ : একজন দেনাদারের নিকট থেকে ৩০,০০০ টাকা পাওয়া গেল।

,, ২২ : প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয় করা হলো ৫,০০০ টাকা

,, ২৫ : মালিকের বড় মেয়ের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা

,, ২৮ : অগ্রিম প্রদত্ত ভাড়ার ০১ মাস অতিক্রান্ত হয়েছে।

ক, ৫, ৬, ১৬, ২৮ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও।

খ. ১২, ১৮, ২২, ২৫ তারিখের লেনদেনগুলো গৌতম এন্টারপ্রাইজ এর হিসাব বইতে লিপিবদ্ধ করো। (ব্যাখ্যা ব্যতীত)

গ. সংশ্লিষ্ট খতিয়ান হিসাব প্রস্তুত করো। ঘ. হিসাবচক্র (চিত্রসহ)

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা : ক. লেনদেন চিহ্নিতকরণ ও প্রারম্ভিক উদ্বৃত্তসহ (ট্যেবুলার ছক) অন্তর্ভূক্ত করতে হবে।

খ. হিসাবের শ্রেণিবিভাগ ও ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে হবে।

গ. চলমান জের ছক অনুসরণ করতে হবে। ঘ. ১ম-৫ম ধাপ পর্যন্ত ব্যাখ্যা করো।

# ফেনী সরকারি কলেজ, ফেনী

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট

### অ্যাসাইনমেন্ট নং-১

## বিজ্ঞান বিভাগ

### বিষয় : বাংলা

অ্যাসাইনমেন্টের শিরোনাম : 'অপরিচিতা' গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ।

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা :

ক. 'অপরিচিতা' গল্প অনুসরণে কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয়।

খ. অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ।

গ. বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত করা।

ঘ. পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত করা।

ঙ. শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন যথাযথ রাখা।

### বিষয় : পদার্থবিজ্ঞান

অ্যাসাইনমেন্টের শিরোনাম :




Fig-1

তুমি $20ms^{-1}$ বেগে একদম খাড়াভাবে একটি 400 gm ভরের ক্রিকেট বল উপরের দিকে ছুড়ে মারলে।

ক. বলটির বেগ বনাম সময়ের গ্রাফ আঁকো।

খ. গতিপথে সর্বোচ্চ বিন্দুতে বলটির বেগ কত।

গ. ঐ বিন্দুতে ত্বরণ কত ?

ঘ. ঐখানে ক্রিকেট বলটির উপর ক্রিয়ারত মোট বল কত ?

ঙ. Fig-1এ 1.5kg ভরটি একটি টেবিলের উপর স্থির অবস্থানে আছে। 2kg ভরের আরেকটি ভর একটি অসম্প্রসারণশীল সূতা দিয়ে ঝোলানো হলো। টেবিল ও 1.5kg ভরের মাঝে ঘর্ষণ গুণাঙ্ক 0.2

১. ভরদ্বয়ের ত্বরণ কত ? সুতাটি অসম্প্রসারণশীল না হলে তোমার উত্তরের কী পরিবর্তন হতো ?

২. সুতার টান কত ?

৩. 2kg ভরের সরণ বনাম সময় গ্রাফ আঁকো ?

অ্যাসাইনমেন্ট লিখার নির্দেশনা: গতিবিদ্যা ও নিউটনিয়ান বলবিদ্যা